

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৩৭৭৬
আগরতলা, ১৩ মার্চ ২০১৮

**দেশ ও সমাজ গড়ার কাজে ছাত্র ছাত্রীদের আরও
বেশী করে নিজেদের নিয়োজিত করতে হবে : মুখ্যমন্ত্রী**

ছাত্র ছাত্রীদের ভবিষ্যতে সাফল্যের স্বপ্ন দেখার পাশাপাশি দেশ ও সমাজ গড়ার কাজে আরও বেশী করে নিজেদের নিয়োজিত করার উপর গুরুত্ব আরোপ করেছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি আজ ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট সেন্টারের উদ্যোগে আয়োজিত ৩০ দিন ব্যাপী ইনডাকশন ট্রেনিং অব ফ্যাকাল্টি প্রোগ্রাম-র আনুষ্ঠানিক সূচনা করে এই আহ্বান রেখে বলেন, দেশের জনপ্রিয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্যোগে কেন্দ্রীয় সরকার বিশিষ্ট শিক্ষাবিদ পন্ডিত মদন মোহন মালবিয়া-এর নামে পন্ডিত মদন মোহন মালবিয়া ন্যাশনাল মিশন অন টিচার্স এন্ড টিচিং (পি এম এম এম এন এম টি টি এস) প্রকল্পটি চালু করেন যাতে শিক্ষক শিক্ষিকাদের কাজের দক্ষতা ও উৎকর্ষতা আরও বৃদ্ধি পায়। মুখ্যমন্ত্রী শ্রী দেব বলেন, কোন দেশের উন্নয়নের অন্যতম মাপকাঠি হল শিক্ষার সার্বিক উন্নয়ন। এক সময় আমাদের দেশের সবচেয়ে বৃহত্তম বিশ্ববিদ্যালয় ছিল নালন্দা বিশ্ববিদ্যালয়। যেখানে সারা বিশ্বের মানুষ শিক্ষা গ্রহণের জন্য আসতো। নালন্দা বিশ্ববিদ্যালয় আমাদের দেশের গর্ব ও ঐতিহ্য। এখনও এই বিশ্ববিদ্যালয়ের ধ্বংসাবশেষ দেখার জন্য দেশ ও বিদেশের লোকের সমাগম হয়। এখানেই চানক্য নামে বিশ্বখ্যাত শিক্ষাবিদ ছিলেন। যিনি চন্দ্রগুপ্তকে একজন শ্রেষ্ঠ রাজা হিসেবে গড়ে তুলেছিলেন। তেমনি ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়কে নালন্দা বিশ্ববিদ্যালয়ের মতো মর্যাদায় নিয়ে যাবার ক্ষেত্রে আমাদের সকলকে একযোগে কাজ করতে হবে। এক্ষেত্রে রাজ্য সরকার যাবতীয় সহায়তা করবে। মুখ্যমন্ত্রী শ্রীদেব ইজরায়েলের শিক্ষা ও প্রযুক্তির ক্ষেত্রে উন্নয়নের উদাহরণ তুলে ধরে বলেন, যদি এরা একটি ছোট্ট দেশ হয়েও দুনিয়া দাপিয়ে বেড়াতে পারে তাহলে আমরাও কেন পারবো না। এরজন্য সবধরনের অহংকার ত্যাগ করে সঠিক দৃষ্টিভঙ্গী ও দক্ষতার সাথে কাজ করতে হবে।

বিশ্ববিদ্যালয়ের মহারাজা বীরবিক্রম শতবার্ষিকী ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অঞ্জন কুমার ঘোষ, প্রো-উপাচার্য অঞ্জন মুখার্জী, রেজিস্ট্রার শানিত দেবরায়, প্রোগ্রাম কো-অর্ডিনেটর অধ্যাপক ভি সি ত্রিপাঠী সহ প্রচুর সংখ্যক ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উপাচার্য অঞ্জন কুমার ঘোষ বলেন, বিগত দিনগুলিতে এই বিশ্ববিদ্যালয়ে ৭০টির উপর বিভিন্ন ধরনের উদ্ভাবনী প্রোগ্রাম করা হয়েছে। তাতে অধ্যাপক-অধ্যাপিকা, ছাত্র-ছাত্রী সহ সংশ্লিষ্টরা উপকৃত হয়েছেন। তিনি বলেন, আজ থেকে এখানে যে ট্রেনিং শুরু হচ্ছে, তা অবশ্যই আমাদের শিক্ষন পদ্ধতির ক্ষেত্রে উৎকর্ষতা ও দক্ষতা বাড়াতে সহায়তা করবে।

অনুষ্ঠানে প্রো-উপাচার্য অঞ্জন মুখার্জী, রেজিস্ট্রার শানিত দেবরায়, অধ্যাপক ভি সি ত্রিপাঠী প্রমুখ শিক্ষন পদ্ধতির উন্নয়নের ক্ষেত্রে এই ধরনের প্রশিক্ষণ শিবিরের প্রয়োজনীয়তা ও গুরুত্বের উল্লেখ করে আলোচনা করেন। অনুষ্ঠানে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ, অফিসার্স এসোসিয়েশন ও স্টাফ ও ফ্যাকাল্টিদের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবকে সম্বর্ধনা জানানো হয়।

জি এস